বঙ্গীয় সাহিত্য-পরিষদের

দ্বিতীয় বার্ষিক (অর্থাৎ ১৩০২ সালের) বিবরণী।

পরিষদের সভ্যসংখ্যা।—গত বর্ষে ৬৪ জন নূতন সভ্য পরিষদে যোগদান করিয়াছেন; ১৬ জন, সভ্যপদ পরিত্যাগ করিয়াছেন ও তিন জন কালগ্রাসে পতিত হইয়াছেন। সুতরাং গত বর্ষে পরিষদের সভ্যসংখ্যা তৎপূর্ব্ব বর্ষ অপেক্ষা ৪৫ জন অধিক হইয়াছে। ঐ বর্ষের শেষে ১৯৬ জন সভ্যশ্রেণীভুক্ত ছিলেন; সুতরাং পরিষদের উপস্থিত সভ্যসংখ্যা ২৪১ জন হইয়াছে। এই সভ্যসংখ্যা বৃদ্ধি কিয়ৎ পরিমাণে আশাপ্রদ বলিয়া বোধ হয় ও এইরূপ সংখ্যার উপচয় হইলে যে, পরিষদের বলের উপচয় ও কার্য্যক্ষেত্রের প্রসর বৃদ্ধি হইবে, তদ্বিষয়ে সন্দেহ নাই।

পরিষদের কর্ম্মচারিবর্গ।

১।	শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত সি. এস্; সি. আই. ই.	সভাপতি।
২।	„ বাবু চন্দ্রনাথ বসু এম্. এ; বি. এল.	সহকারী সভাপতিত্রয়।
৩।	„ „ নবীনচন্দ্র সেন,	
৪।	„ „ রবীন্দ্রনাথ ঠাকুর,	
৫।	„ „ রামেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্. এ	সম্পাদক।
৬।	„ „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়,	সহকারী সম্পাদক ও গ্রন্থরক্ষক।
৭।	„ „ রজনীকান্ত গুপ্ত,	পত্রিকা-সম্পাদক.
৮।	„ „ চারুচন্দ্র সরকার এম্. এ; বি. এল.	ধন-রক্ষক।
৯।	„ „ রজনীনাথ রায় এম্. এ.	আয়-ব্যয়-পরীক্ষক।
১০।	„ „ শারদারঞ্জন রায় এম্. এ.	

কার্য্যনির্ব্বাহক সমিতি।—গত বর্ষের পূর্ব্বে এই সমিতির সভ্যসংখ্যা ৬ জন ছিল। গত বর্ষে একজন সভ্যপদ ত্যাগ করেন ও তিন জন নূতন সভ্য নিযুক্ত হন; সুতরাং সমিতির উপস্থিত সভ্যসংখ্যা ৮ জন। যথা—

১। শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর।

২। „ ডাক্তার সূর্য্যকুমার সর্ব্বাধিকারী।

৩। „ রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্. এ; বি. এল্.

৪। „ বাবু মতিলাল হালদার বি. এল্.

৫। „ „ হীরেন্দ্রনাথ দত্ত এম্. এ; বি. এল্.

৬। „ „ মনোমোহন বসু।

৭। „ „ চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়।

৮। „ „ রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্. এ.

এতদ্ভিন্ন সভাপতি, সহকারী সভাপতিত্রয় এবং সম্পাদকদ্বয়ও কার্য্য-নির্ব্বাহক সমিতির অতিরিক্ত সভ্যরূপে পরিগণিত। গত বর্ষে পরিষদের কোন কোন সভ্য, কার্য্যনির্ব্বাহক সমিতির কর্ত্তব্য সম্বন্ধে জিজ্ঞাসু হওয়ায় ও এ পর্য্যন্ত পরিষদের কোন কাগজপত্রে ঐ সমিতির কার্য্যপ্রণালী বা কর্ত্তব্য সম্বন্ধে কোন বিশেষ উল্লেখ না থাকায়, এ স্থলে সংক্ষেপতঃ তৎসমস্ত নির্দ্দেশ করা হইতেছে :—

সাহিত্য-পরিষদের মাসিক অধিবেশনে যে যে বিষয়ের ভার, কার্য্য-নির্ব্বাহক সমিতির উপর অর্পিত হয়, সেই সমস্ত বিষয় সম্পাদন করাই সমিতির প্রধান কার্য্য। পরিষদের অধিবেশনের আলোচ্য বিষয় ও দিন স্থির করা, পরিভাষা ও অন্যান্য শাখাসমিতির কার্য্যের তত্ত্বাবধান, পরিষদ্-পত্রিকার মুদ্রণ ও পরিষদের আয়ব্যয়-সম্বন্ধে সমস্ত কার্য্যের ব্যবস্থা করণ, পরিষদের অনুমতির অপেক্ষায় পরিষদ-কার্য্যালয়ের বেতনভোগী কর্ম্মচারিনিয়োগ ও পরিষৎসম্বন্ধীয় অন্যান্য অত্যাবশ্যক কার্য্যের সম্পাদন, কার্য্যনির্ব্বাহক সমিতির কার্য্য। গত বর্ষে এই সমিতির ১৪টী অধিবেশন হইয়াছে। অধিবেশনে উপস্থিত সভ্যসংখ্যা ৭ জনের অধিক ও ৩ জনের কম হয় নাই। সমিতির সভ্যগণ স্ব স্ব কর্ত্তব্য সাধনে যেরূপ যত্ন ও পরিশ্রম করিয়াছেন, তাহাতে তাঁহারা পরিষদের ধন্যবাদের পাত্র।

পরিষদ্ ও তৎসংক্রান্ত সমিতির অধিবেশনাদি।—গত বর্ষে পরিষদের ১১টি অধিবেশন হইয়াছে; তন্মধ্যে মাসিক অধিবেশন ১০টী ও বিশেষ অধিবেশন ১টী। কোন অধিবেশনেই উপস্থিত সভ্যের সংখ্যা ৩৫ জনের অধিক এবং ১০ জনের কম হয় নাই। বিশেষ অধিবেশনে বিশ্ববিদ্যালয়ের উচ্চতর পরীক্ষায় বাঙ্গালার প্রচলন উচিত কি না, এই বিষয়ের অবতারণা হইয়াছিল। সভায়, পরিষদের সভ্য ও বিশ্ববিদ্যালয়ের ফেলো মহোদয়গণ লইয়া সর্ব্বসমেত ৩০ জন উপস্থিত ছিলেন। শ্রীযুক্ত ডাক্তার মহেন্দ্রলাল সরকার মহাশয় সভাপতির আসন গ্রহণ করেন। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন ও শ্রীযুক্ত বাবু নীলমণি মুখোপাধ্যায় মহাশয় বাঙ্গালা ভাষায় ইংরাজী শিক্ষা ও পরীক্ষার সম্পূর্ণ পক্ষপাতী না হইলেও, স্কুল-বিভাগের কয়েকটী নিম্ন শ্রেণীতে ঐ প্রণালী প্রবর্ত্তন করিতে বলেন। পরে প্রবর্ত্তনের ফল দেখিয়া ভবিষ্যতে কি করা উচিত, তাহা স্থির করিতে বলেন। শ্রীযুক্ত বাবু ভূপেন্দ্রনাথ বসু ও শ্রীযুক্ত বাবু রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী মহাশয় বাঙ্গালা ভাষায় ইংরেজী শিক্ষা প্রস্তাবের বিরুদ্ধে মত প্রকাশ করেন। কিন্তু সংস্কৃত শিক্ষার ক্ষতি না করিয়া বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা শিক্ষার প্রসর বৃদ্ধি করিতে রাজেন্দ্র বাবুর আপত্তি নাই। মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত উমেশচন্দ্র দত্ত ও শ্রীযুক্ত গোলাপচন্দ্র শাস্ত্রী মহাশয় বাঙ্গালা ভাষায় ইতিহাস, গণিত প্রভৃতি শিক্ষা ও পরীক্ষার প্রবর্ত্তন প্রস্তাব সমর্থন করিয়া উক্ত প্রস্তাবের অনুকূল যুক্তি সকল প্রদর্শন করেন। সভাপতি মহাশয় বাঙ্গালা ও ইংরাজী শিক্ষা উভয় পক্ষেই সহানুভূতি প্রকাশ করেন ও বর্ত্তমান কালের অবস্থা বিবেচনায় ইংরাজী শিক্ষা-রও বিশেষ উপযোগিতা স্বীকার করেন। এ বিষয়টী নূতন নহে, গতবর্ষের পূর্ব্ববর্ষেও এই বিষয় লইয়া পরিষদে অনেক আন্দোলন হয়। আন্দোলনের ফল স্বরূপ ঐ বিষয়ে কর্ত্তব্য নিরূপণের জন্য মাননীয় বিচারপতি শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায়, শ্রীযুক্ত নন্দকৃষ্ণ বসু এম্. এ; সি. এস্, শ্রীযুক্ত রবীন্দ্রনাথ ঠাকুর, শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত এবং শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত এম্.এ; বি. এল্. এই কয় জন সভ্যকে লইয়া একটী সমিতি গঠিত হয়। সমিতি প্রস্তাবিত বিষয় সম্বন্ধে দেশের সুশিক্ষিত ও সম্ভ্রান্ত ব্যক্তিগণের মতামত সংগ্রহ করিয়া আপনাদের বিজ্ঞাপনীসহিত পরিষদের সভাপতির নিকট প্রেরণ করেন।

গত বৎসর পরিষদের ৫ম অধিবেশনে এই বিজ্ঞাপনী পরিগৃহীত হইলে মাননীয় শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয়ের প্রস্তাবমত আপাততঃ এফ্ এ ও বি এ, পরীক্ষায় সংস্কৃতের সহিত বাঙ্গালা অনুবাদ ও রচনার প্রশ্ন দেওয়া হউক এই মর্ম্মে বিশ্ববিদ্যালয়ের কার্য্যনির্ব্বাহক সভায় আবেদন পত্র প্রেরিত হয়। আর্ট-ফ্যাকল্টির উপর ঐ আবেদন বিচার করিবার ভার অর্পিত হয়। ফ্যাকল্টি পরিষদের প্রস্তাব অগ্রাহ্য না করিয়া একটী বিশেষ সমিতির উপর বিচারের ভার অর্পণ করিয়াছেন, সুতরাং পরিষদের যত্ন একেবারে নিষ্ফল হয় নাই বলিতে হইবে। এই বিষয়ে মাননীয় বিচারপতি গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় যেরূপ অবিচলিত উৎসাহের সহিত কার্য্য করিয়াছেন তাহাতে পরিষদ্ তাঁহাকে আন্তরিক ধন্যবাদ দিতেছেন।

পরিষদের গত বাৎসরিক অধিবেশনটী গত বৎসরের মধ্যে আহূত না হইলেও এস্থলে উল্লেখ যোগ্য; উহা ১৩০১ সালের ২৯শে ও ২০শে চৈত্র দুই দিন ধরিয়া হয়। প্রথম দিনের অধিবেশনে নিয়মিত কার্য্য ব্যতীত প্রথম বার্ষিক বিবরণী পাঠ করা হয়। দ্বিতীয় দিনের অধিবেশনটী পরিষদের সভ্য-ও নিমন্ত্রিত ব্যক্তিবৃন্দের বাৎসরিক সম্মিলনীস্বরূপ আহূত হইয়াছিল। ঐ অধিবেশনে শ্রীযুক্ত বাবু রবীন্দ্রনাথ ঠাকুর বাঙ্গালার জাতীয় সাহিত্য সম্বন্ধে একটী হৃদয়গ্রাহী প্রবন্ধ পাঠ করেন ও সভ্যদিগের আনন্দবর্দ্ধনার্থ গীত, বাদ্য, মিষ্টান্ন প্রভৃতি নানাবিধ আয়োজন করা হইয়াছিল। নিমন্ত্রিত ব্যক্তিবর্গ অপ-রাহ্ন হইতে রাত্রি দশটা পর্য্যন্ত আমোদ আহ্লাদে অতিবাহিত করিয়া গৃহে প্রতিগমন করেন।

পারিভাষিক সমিতি।—পরিষদের ১৩০২ সালের ২৭শে শ্রাবণ তারিখের চতুর্থ মাসিক অধিবেশনে শ্রীযুক্ত বাবু মাধবচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয় পারিভাষিক সমিতির অন্যতম সভ্য নির্ব্বাচিত হন। গত বর্ষে ঐ সমিতির ৪টী অধিবেশন হইয়াছিল। ঐ অধিবেশনে ভৌগোলিক পরিভাষা স্থির করিবার চেষ্টা হয় ও ৬ই মাঘ তারিখের শেষ অধিবেশনে "Freezing" (ফ্রিজিঙ) হইতে "Point" (পয়েন্ট) পর্য্যন্ত ইংরাজী ভৌগোলিক শব্দের বাঙ্গালা প্রতিশব্দ স্থির করা হইয়াছে।

উদ্ভিদ্‌তত্ত্ব-বিষয়ক পরিভাষা সমিতি।—পরিষদের ৩রা চৈত্র তারিখের দশম

মাসিক অধিবেশনে শ্রীযুক্ত বাবু হীরেন্দ্রনাথ দত্ত মহাশয়ের প্রস্তাবে ও শ্রীযুক্ত বাবু কুঞ্জলাল রায় মহাশয়ের সমর্থনে উদ্ভিদ্ শাস্ত্র সম্বন্ধীয় পরিভাষা স্থির করিবার নিমিত্ত একটী সমিতি গঠিত। শ্রীযুক্ত ডাক্তার অমূল্যচরণ বসু এম. বি, শ্রীযুক্ত বাবু নগেন্দ্রনাথ বসু (বিশ্বকোষ-সঙ্কলয়িতা), শ্রীযুক্ত লক্ষ্মীনারায়ণ রায় (কবিরাজ), শ্রীযুক্ত মনোমোহন সেনগুপ্ত কবিরত্ন (কবিরাজ), শ্রীযুক্ত বাবু নৃত্যগোপাল মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত বাবু নিকুঞ্জবিহারী দত্ত এই সমিতির সভ্যরূপে নির্দ্দিষ্ট হইয়াছেন। ইচ্ছা করিলে ইঁহারা অন্যান্য ব্যক্তিকে সভ্যরূপে গ্রহণ করিতে পারেন, এরূপ ক্ষমতা ইঁহাদের উপর অর্পিত হইয়াছে। অনেকগুলি ইংরাজী উদ্ভিদ্ শাস্ত্র সংক্রান্ত শব্দের বাঙ্গালা প্রতিশব্দ স্থির হইয়াছে, সুতরাং আশা করা যায় এ বিষয়ে শীঘ্রই কার্য্য আরম্ভ হইবে। এ পর্য্যন্ত এই সমিতির কোন অধিবেশন হয় নাই।

পারিভাষিক সমিতির কথা শেষ করিবার পূর্ব্বে সমিতির অন্যতম সভ্য শ্রীযুক্ত বাবু রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় স্বতঃ প্রণোদিত হইয়া রসায়ন বিজ্ঞানের পরিভাষা এবং শ্রীযুক্ত বাবু মাধবচন্দ্র চট্টোপাধ্যায় ও যোগেশচন্দ্র রায় এম্. এ. মহাশয় জ্যোতিষের পরিভাষা স্থির করিবার নিমিত্ত যেরূপ চেষ্টা ও পরিশ্রম স্বীকার করিয়াছেন, তাহা বিশেষ প্রশংসার সহিত উল্লেখ করা আবশ্যক। রামেন্দ্রসুন্দর বাবুর সঙ্কলিত রাসায়নিক পরিভাষা তাঁহারই প্রস্তাবানুসারে পুস্তকাকারে মুদ্রিত করিয়া রসায়নবিৎ পণ্ডিতদিগের নিকট মতামতের জন্য প্রেরিত হইয়াছে। মতামতগুলি প্রাপ্ত হইলে, তদ্বিষয়ে অতঃপর কি করা কর্ত্তব্য, তাহা স্থির হইবে।

গ্রন্থপ্রকাশ সমিতি :—১৩০২ সালের ২৪শে আষাঢ় তারিখের পরিষদের তৃতীয় মাসিক অধিবেশনে বাঙ্গালা ভাষায় রচিত প্রাচীন কাব্য ও অন্যান্য সারগর্ভ গ্রন্থপ্রকাশের নিমিত্ত এই সমিতির সৃষ্টি হয়। সভাপতি, সহকারী সভাপতিত্রয় ও সম্পাদকদ্বয় ব্যতীত নিম্নলিখিত ব্যক্তিগণ এই সমিতির সভ্যরূপে নির্ব্বাচিত হইয়াছেন। শ্রীযুক্ত বাবু হীরেন্দ্রনাথ দত্ত এম্. এ ; বি. এল্. শ্রীযুক্ত বাবু নগেন্দ্রনাথ ঘোষ (বারিষ্টার), শ্রীযুক্ত রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্. এ ; বি. এল, শ্রীযুক্ত বাবু রজনীকান্ত গুপ্ত, শ্রীযুক্ত বাবু রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্. এ. ও শ্রীযুক্ত বাবু মনোমোহন বসু। শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর এই

সমিতির ধনরক্ষকের কার্য্য করিতে স্বীকৃত হইয়াছেন। এ পর্য্যন্ত সমিতির তিনটী মাত্র অধিবেশন হইয়াছে। প্রথম অধিবেশনে ৪ জন, ও দ্বিতীয় অধিবেশনে ৬ জন ও তৃতীয় অধিবেশনে ৫ জন সভ্য উপস্থিত ছিলেন। তৃতীয় অধিবেশনটী মুদ্রাযন্ত্রবিষয়ক প্রস্তাব বিবেচনা করিবার নিমিত্ত কার্য্যনির্ব্বাহক সমিতির সহিত যোগে আহূত হইয়াছিল। এই সমিতিতে যে যে সভ্যের উপর যে যে কার্য্যের ভার অর্পিত হইয়াছে ও ঐ সমস্ত কার্য্য কতদূর সম্পন্ন হইয়াছে, নিম্নে তৎসমুদয়ের উল্লেখ করা গেল।

সভ্যের নাম।	ভার অর্পণের তারিখ	গ্রন্থের নাম	যতদূর সম্পন্ন হইয়াছে।
১। শ্রীযুক্ত বাবু হীরেন্দ্রনাথ দত্ত	১৩০২ সাল, ২৪শে আষাঢ়	কৃত্তিবাসী রামায়ণ	নানাকারণে এখনও মুদ্রণ আরম্ভ হয় নাই। তবে মুদ্রণের প্রধান অন্তরায় সমূহ দূরীভূত হইয়াছে; শীঘ্র কার্য্য আরম্ভ হইবে, এরূপ আশা করা যায়। অন্তরায়ের কারণগুলি পরিশিষ্টে মুদ্রিত, হীরেন্দ্র-বাবুর পত্র পাঠ করিলে অবগত হওয়া যায়।
২। শ্রীযুক্ত বাবু রবীন্দ্রনাথ ঠাকুর	১৩০২ সাল, ২৪শে আষাঢ়	বিদ্যাপতির পদাবলী	"পরিষদ্ নিজের প্রস্তাবমত কোন সাহায্য না করায় কার্য্য আরম্ভ হয় নাই," এ বিষয়ে পরিশিষ্টে মুদ্রিত, রবীন্দ্র বাবুর পত্রই প্রমাণ।
৩। শ্রীযুক্ত বাবু প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়	১৩০২ সাল, ৩০শে ভাদ্র	কাশীরাম দাসের মহাভারত	কার্য্য আরম্ভ হইয়াছে। বিস্তারিত বিবরণ পরিশিষ্টে মুদ্রিত প্রফুল্ল বাবুর পত্রে অবগত হওয়া যায়।
৪। শ্রীযুক্ত পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি	১৩০২ সাল, ৩০শে ভাদ্র	কবিকঙ্কণের চণ্ডী	কার্য্য আরম্ভ হইয়াছে, তবে মুদ্রণের এখনও অনেক বিলম্ব। বিলম্বের কারণ, পরিশিষ্টে মুদ্রিত বিদ্যানিধি মহাশয়ের পত্র পাঠে অবগত হওয়া যায়।
৫। শ্রীযুক্ত বাবু রামেন্দ্র সুন্দর ত্রিবেদী	১৩০২ সাল, ২৯শে পৌষ	রামমোহনের রামায়ণ	মুদ্রণ আরম্ভ করিলেই হয়, কেবল মুদ্রাযন্ত্রের বন্দোবস্তের অপেক্ষা।

উপরি উক্ত তালিকা-পাঠে স্পষ্টই উপলব্ধি হইবে যে, পরিষদ্ গত বর্ষে যে যে গ্রন্থ প্রকাশ করিবার ভারগ্রহণ করিয়াছেন, তাহার কোনটীই কার্য্যে পরিণত করিতে পারেন নাই; কিন্তু ইহাতে বিস্ময় বা ক্ষোভের কোন কারণ নাই। কারণ, কার্য্য-গুলি যেরূপ দুরূহ এবং সময় ও অর্থসাপেক্ষ, তাহাতে অল্প কালের মধ্যে তৎসমস্ত সম্পাদন করিয়া উঠা কতদূর সম্ভব, তাহা সভ্য মহোদয়-গণ বিবেচনা করিবেন। তবে এই মাত্র বলা যাইতে পারে যে, যিনি যে কার্য্যের ভার গ্রহণ করিয়াছেন, তিনি তাহার সম্পাদন বিষয়ে বোধ হয় যত্নের ত্রুটি করিতেছেন না।

কর্ম্মচারির নিয়োগ ও পরিবর্ত্তন।—গত বর্ষে পরিষদের কর্ম্মচারিবর্গের মধ্যে কেহ কেহ পদত্যাগ করায়, তাঁহাদের স্থলে নূতন কর্ম্মচারী নিযুক্ত হইয়াছেন। ভূতপূর্ব্ব সম্পাদক শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় পদত্যাগ করিলে তাঁহার স্থানে শ্রীযুক্ত বাবু রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্. এ. মহাশয় সম্পাদকরূপে নিযুক্ত হন। সহকারী সম্পাদক শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ তালুকদার, গ্রন্থরক্ষক ও ধনরক্ষকেরও কার্য্য করিতেন। তাঁহার মাসিক বেতন ২০৲ টাকা ধার্য্য ছিল। তিনি ঐ পদত্যাগ করিলে, তাঁহার পরিবর্ত্তে শ্রীযুক্ত বাবু চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয় অবৈতনিক সহকারী সম্পাদক ও গ্রন্থরক্ষক, এবং শ্রীযুক্ত বাবু চারুচন্দ্র সরকার এম্. এ; বি. এল্. মহাশয় অবৈতনিক ধনরক্ষক পদে নিযুক্ত হন। সহ-কারী সম্পাদকের পদের বেতন কমাইয়া ২০৲ টাকা হইতে ১৫৲ টাকা করা হয় ও ঐ স্বল্পীকৃত বেতনে শ্রীযুক্ত বাবু অন্নদাপ্রসাদ সরকার, পরিষদের কর্ম্ম-চারী নিযুক্ত হন। এইরূপ নিয়োগে পরিষদের মাসিক ৫৲ টাকা করিয়া ব্যয় লাঘব হইয়াছে।

এ স্থলে ইহাও বক্তব্য যে, শ্রীযুক্ত বাবু চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় মহাশয় সহকারী সম্পাদকের পদে নিযুক্ত হইবার অব্যবহিত পরেই পীড়িত হইয়া পড়েন, ও পীড়া নিবন্ধন কার্য্য করিতে অশক্ত হইলে, পরিষদের অন্যতম সভ্য শ্রীযুক্ত বাবু কুঞ্জবিহারী বসু বি. এ. মহাশয়ের উপর তাঁহার কার্য্যভার অর্পিত হয়। কুঞ্জ বাবু ন্যূনাধিক ছয় সপ্তাহ কাল ঐ কার্য্য বিশেষ যোগ্যতা ও পরিশ্রমের সহিত সম্পন্ন করেন, তজ্জন্য তিনি পরিষদের ধন্যবাদের পাত্র।

পত্রিকা ও পত্রিকা-সম্পাদক।—গত বর্ষে পরিষৎ-পত্রিকার চারি সংখ্যা প্রকাশিত হইয়াছে। বর্ত্তমান বর্ষে পত্রিকার প্রত্যেক সংখ্যা পূর্ব্বাপেক্ষা পরিবর্দ্ধিত আকারে প্রকাশিত হইয়াছে। উহা তিন মাস অন্তর প্রকাশিত হইয়া থাকে। পরিষদের কোন কোন সভ্য পরিষৎপত্রিকা খানিকে মাসিক করিতে ও উহার মূল্য হ্রাস করিতে অনুরোধ করিয়াছিলেন, কিন্তু আর্থিক-অবস্থা বিবেচনা করিয়া পরিষৎ আপাততঃ ঐ দুইটি প্রস্তাবের কোনটিই গ্রহণ করিতে পারেন নাই।

পত্রিকা-সম্পাদক শ্রীযুক্ত বাবু রজনীকান্ত গুপ্ত মহাশয় যাহাতে পত্রিকা যথাসময়ে প্রকাশিত হয়, তন্নিমিত্ত যত্ন করিলেও প্রবন্ধ অভাবে ও মুদ্রাযন্ত্রের গোলযোগে উহা যথাসময়ে বহির্গত হয় নাই। এই নিমিত্ত পরিষদের ১৩০২ সালের ২৯শে অগ্রহায়ণ তারিখের সপ্তম মাসিক অধিবেশনে পরিষৎ-পত্রিকার প্রবন্ধের লেখকদিগকে অর্থ দানের প্রস্তাব গৃহীত হয়। কোন্ প্রবন্ধের জন্য পরিষৎ অর্থ দিবেন, সেই বিষয় পরিষদের আর্থিক অবস্থা বিবেচনা করিয়া স্থির করিবার ভার পরিষদের সম্পাদক ও পত্রিকা সম্পাদকের উপর ন্যস্ত হইয়াছে। এ পর্য্যন্ত ঐ প্রস্তাব কার্য্যে পরিণত হয় নাই, শীঘ্রই হইবে এরূপ আশা করা যায়।

সভাপতি।—পরিষদের সভাপতি মাননীয় শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত মহাশয় পরিষদের উন্নতিকল্পে যথাসাধ্য যত্ন ও পরিশ্রম করিয়াছেন। পূর্ব্বোক্ত বাঙ্গালার প্রাচীন গ্রন্থাবলী যাহাতে সংশোধিত হইয়া প্রকাশিত হয়, এজন্য তিনি সাধারণের নিকট পত্র লিখিয়া সাহায্য প্রার্থনা করিয়াছেন ও তাঁহার এই অনুরোধে অনেকানেক মহোদয় ব্যক্তি এতদর্থে সাহায্য প্রদান করিয়াছেন বা করিতে অঙ্গীকার করিয়াছেন; তাঁহারা সকলেই পরিষদের বিশেষ ধন্যবাদের পাত্র; তাঁহাদের নাম পরিষৎ-পত্রিকার তৃতীয় ও চতুর্থ সংখ্যায় মুদ্রিত হইলেও সাধারণের অবগতির জন্য পুনর্মুদ্রিত হইল। এ পর্য্যন্ত ১১০০৲ টাকা সংগৃহীত ও ২৮৲ টাকা /০ আনা ব্যয় হইয়াছে, অবশিষ্ট টাকা ধনরক্ষক শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুরের নিকট আছে।

অর্থসাহায্যকারিদিগের নাম।

১। শ্রীযুক্ত মহারাজ বাহাদুর স্যার্ যতীন্দ্রমোহন ঠাকুর কে. সি. এস্. আই * ১৫০৲
২। শ্রীযুক্ত রাজা স্যার্ শৌরীন্দ্রমোহন ঠাকুর সি. আই. ই. ১৫০৲
৩। " রাজা রাজরাজেশ্বরী প্রসাদ সিংহ ২০০৲
৪। " রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর ১৫০৲
৫। " কুমার রামেশ্বর মালিয়া ১৫০৲
৬। " কুমার দক্ষিণেশ্বর মালিয়া ১০০৲
৭। " স্যার রমেশচন্দ্র মিত্র * ১০০৲
৮। " মাননীয় জষ্টিস গুরুদাস বন্দ্যোপাধ্যায় * ১০০৲
৯। " রমেশচন্দ্র দত্ত সি. আই. ই. * ১০০৲
১০। " রায় যতীন্দ্রনাথ চৌধুরী (টাকী) ১০০৲
১১। " বাবু রবীন্দ্রনাথ ঠাকুর * ১০০৲
১২। " " হীরেন্দ্রনাথ দত্ত এম. এ, বি. এল. * ১০০৲
১৩। " হেমচন্দ্র গোস্বামী * শ্রীরামপুর ১০০৲
১৪। শ্রীযুক্ত রাজা প্যারীমোহন মুখোপাধ্যায়, উত্তরপাড়া ১০০৲
১৫। শ্রীযুক্ত রাজা জ্যোতিঃপ্রসাদ গর্গ, মহিষাদল ১০০৲
১৬। শ্রীমতী জাহ্নবী চৌধুরাণী*, সন্তোষ ১০০৲
১৭। " রাণী মৃণালিনী*, পাইকপাড়া ৫০৲
১৮। শ্রীযুক্ত রাজা বনবিহারী কর্পূর * ৫০৲
১৯। " বাবু কানাইলাল খাঁ, মানকুণ্ড * ৫০৲
২০। " বাবু ননীমোহন বন্দ্যোপাধ্যায় * ৫০৲
২১। শ্রীমতী মহারাণী স্বর্ণময়ী সি. আই. কাশিমবাজার ২০০৲
২২। শ্রীযুক্ত রায় যোগেন্দ্রকিশোর রায় চৌধুরী বাহাদুর, রামগোপালপুর* ১০০৲
২৩। " বাবু নন্দলাল গোস্বামী*, শ্রীরামপুর ৫০৲
২৪। " " ললিতমোহন সিংহ রায়, চক্দীঘি ৫০৲
২৫। " " শিবনারায়ণ মুখোপাধ্যায়, উত্তরপাড়া ৫০৲
২৬। " কুমার প্রমথনাথ রায় দীঘাপতিয়া ২০০৲

---

* ইঁহারা অনুগ্রহপূর্ব্বক নিজ নিজ চিত্র পাঠাইয়াছেন।

সভাপতি মহাশয় পরিষদের প্রথম পাঁচটী অধিবেশনে উপস্থিত ছিলেন। পরে কমিশনর পদে উন্নীত হইয়া উড়িষ্যাগমন হেতু পরিষদের ৩০শে ভাদ্র তারিখের পঞ্চম মাসিক অধিবেশনে তাঁহার অনুপস্থিতিতে সভাপতির কার্য্য নির্ব্বাহের ভার অন্যতম সহকারী সভাপতি শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ বসু এম্. এ. বি. এল্. রাজকীয় বঙ্গানুবাদক মহাশয়ের প্রতি অর্পিত হয়; তদবধি শ্রীযুক্ত চন্দ্রনাথ বাবু ঐ ভার যোগ্যতার সহিত বহন করিয়া আসিতেছেন।

পরিষদ বাঙ্গালা সাহিত্যের চর্চ্চা ও প্রচারে ব্রতী হইয়াছেন। তাঁহাদের সেই উদ্দেশ্য যাহাতে সফল হয় তজ্জন্য সভাপতি শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত মহাশয় বিশেষ চেষ্টা করিয়াছেন। বোধ হয় পরিষদের সভ্য মাত্রেই অবগত আছেন যে, বিশ্ববিদ্যালয়ের উচ্চতর পরীক্ষায় বাঙ্গালা প্রচলনের যে চেষ্টা হইতেছে, তিনি তাহার প্রধান উদ্যোগী। এই সকল কারণে পরিষদ তাঁহার নিকট কৃতজ্ঞতা-পাশে বদ্ধ।

পরিষদের মুদ্রাযন্ত্র।—১৩০২ সাল ২৪শে আষাঢ় তারিখের পরিষদের তৃতীয় মাসিক অধিবেশনে বাঙ্গালার প্রাচীন কাব্য ও অন্যান্য সারগর্ভ গ্রন্থ প্রকাশের জন্য একটী মুদ্রাযন্ত্র স্থাপন করিবার প্রস্তাব হয়; কিন্তু ২০শে অগ্রহায়ণ তারি-খের পরিষদের সপ্তম মাসিক অধিবেশনে মাননীয় শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত সি. আই. ই. মহাশয় একটী পত্রে প্রস্তাব করেন যে, আপাততঃ পরিষদের জন্য স্বতন্ত্র মুদ্রাযন্ত্র স্থাপন না করিয়া পরিষদের সংগৃহীত অর্থ অন্য মুদ্রাযন্ত্রে প্রাচীন পুস্তকাদির মুদ্রাঙ্কনে ব্যয় করা হউক। ১১শে পৌষ তারিখের পরিষদের অষ্টম মাসিক অধিবেশনে এই প্রস্তাব উত্থিত হইলে অনেক আলোচনার পর স্থির হইল যে, সম্পাদক মহাশয় ঐ সম্বন্ধে শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ বসু সভাপতি মহা-শয়ের বাচনিক উপদেশ অনুসারে শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্ত মহাশয়কে পত্র লিখিবেন; পরে উত্তর পাইলে সভা যেরূপ উচিত বোধ করেন, সেইরূপ হইবে। উপরি উক্ত প্রস্তাবানুসারে সভাপতি মহাশয়কে পত্র লেখা হইয়াছিল। পত্রের উত্তরে তিনি বলেন যে, যখন সাহায্যদাতৃগণ গ্রন্থ প্রকাশের জন্যই সাহায্য করিয়াছেন, মুদ্রাযন্ত্রের জন্য নহে, তখন আর তাঁহাদিগকে ঐ বিষয়ে লিখিবার আবশ্যকতা নাই। কার্য্যনির্ব্বাহক সমিতি এই কথার অনুমোদন করিয়াছেন।

যতীন্দ্রনাথ পুরস্কার।—যতীন্দ্রনাথ পুরস্কারের বিষয় বোধ হয় পরিষদের সভ্যেরা অবগত আছেন। যাহাতে ঐ পুরস্কারের কথা সাধারণে অবগত হন তদ্বিষয়ে গত বর্ষে উপায় অবলম্বন করা হইয়াছিল, কিন্তু এ পর্য্যন্ত ঐ পুরস্কারের জন্য একটীও প্রবন্ধ হস্তগত হয় নাই। কিন্তু এখনও এক বৎসর সময় আছে, আশা করা যায় ঐ সময়ের মধ্যে প্রবন্ধ পাওয়া যাইবে।

পুস্তকালয়।—গত বৎসরের পূর্ব্ব বৎসর পরিষদ-পুস্তকালয়ে ১৯০ খানি পুস্তক ছিল, গত বর্ষে ঐ পুস্তকের সংখ্যা বৃদ্ধি হইয়া ২৫৪ খানি হইয়াছে, সুতরাং গত বৎসর ৬৪ খানি পুস্তক প্রাপ্ত হওয়া গিয়াছে। পরিষদের যে সকল সভ্য মহোদয় পরিষদকে পুস্তক উপহার প্রদান করিয়াছেন, পরিষদ্ তাঁহাদের নিকট কৃতজ্ঞতাপাশে বদ্ধ। যাঁহারা ঐরূপ উপহার প্রদান করেন নাই তাঁহারাও বর্ত্তমান বর্ষে করিবেন এরূপ আশা করা যায়।

পরিষদ রেজিষ্টেরী করণ।—১৩০২ সালের ২৪শে আষাঢ় তারিখের পরিষদের তৃতীয় মাসিক অধিবেশনে বঙ্গীয় সাহিত্য-পরিষদ রেজিষ্টারী করিবার প্রস্তাব গৃহীত হয় এবং তাহা কার্য্যে পরিণত করিবার ভার সভার কয়েকটী সভ্যের উপর অর্পিত হয়। ঐ সম্বন্ধে কাগজপত্রাদি প্রস্তুত হইয়াছে ও বর্ত্তমান বর্ষের মধ্যে পরিষদ্ রেজিষ্টারী করা হইবে, এরূপ আশা করা যায়।

সভ্যের মৃত্যু।—গতবর্ষে পরিষদের তিন জন সভ্য কালগ্রাসে পতিত হন। তাঁহাদের নাম—শ্রীযুক্ত বাবু কৃষ্ণবিহারী সেন এম্. এ, ডাক্তার ত্রৈলোক্যনাথ মিত্র এবং ডাক্তার উমেশচন্দ্র মিত্র। ইঁহাদের সকলের নিকট পরিষদ অনেক আশা করিয়াছিলেন, কিন্তু তাঁহাদের অকাল মৃত্যুতে সেই আশা নিষ্ফল হইয়াছে। ডাক্তার উমেশচন্দ্র মিত্র পরিষদের একজন কার্য্যকারী সভ্য ছিলেন ও পরিষদের জন্য যথেষ্ট যত্ন ও পরিশ্রম করিতেন। তাঁহার ও অন্যান্য সভ্যদিগের মৃত্যুতে পরিষদ্ অত্যন্ত দুঃখিত হইয়াছেন।

আয় ব্যয়।—গত বৎসর সভ্যগণের নিকট হইতে চাঁদা হিসাবে ১০২০॥৶০ টাকা, নূতন সভ্যগণের প্রবেশিকা হিসাবে ৮৩৲ টাকা, গ্রাহকগণের নিকট হইতে সাহিত্য পরিষদ-পত্রিকার মূল্য হিসাবে ৫১।০ টাকা আদায় হয়। খরচ ফেরত জমা ৩৸০ টাকা এবং প্রেসিডেন্সি কলেজের লাইব্রেরিতে যে ১০৲ টাকা ডিপজিট রাখা হইয়াছিল, তাহা আদায় হওয়ায় মোট আয় ১১৭১॥৶০ টাকা হয়

এবং ইহার সহিত তৎপূর্ব্ব বর্ষের খরচ বাদে মজুত ৩৬৯৵৹ টাকা ধরিলে গত বর্ষে পরিষদের সর্ব্বসমেত মোট ১২০৮৷৹ টাকা আয় হইয়াছিল।

গতবর্ষে পরিষদ-পত্রিকায় মুদ্রাঙ্কন ও বাধাই হিসাবে ৩৭০৷৷৶৩ টাকা, পরিষদের বিবিধ অধিবেশনের পত্রাদি মুদ্রাঙ্কনে ৮২৷৷৶৹ টাকা, ডাকষ্ট্যাম্প হিসাবে ৭৭৶৯ টাকা, কর্ম্মচারিগণের বেতন হিসাবে ২৮৭৲ টাকা ৬ ছয় পাই, সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশ হিসাবে ২৪৵৹ টাকা, পুস্তকালয়ের জন্য পুস্তক খরিদ হিসাবে ৬৫৷৵৹ টাকা, পুস্তকালয়ের পুস্তক বাধাই হিসাবে ১১৷৹ টাকা, প্রাচীন পুঁথির পাণ্ডুলিপি সংগ্রহ জন্য ৩৲ টাকা, বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা প্রচলন সম্বন্ধীয় বিবিধ মুদ্রাঙ্কন হিসাবে ১৭৷৶৬ টাকা, আন্যান্য কাগজ প্রভৃতি খরিদ হিসাবে ৩৯৸৵৯ টাকা এবং বিবিধ হিসাবে ৩৩৷৷৶১০৲ টাকা ব্যয় হইয়াছে; সুতরাং গতবর্ষে মোট ১১৭২৷০৭½ টাকা ব্যয় হইয়াছে। অতএব গতবর্ষে মোট আয় ১২০৮৷৹ টাকার মধ্যে মোট ১১৭২৷০৭½ টাকা ব্যয় বাদ দিয়া বর্ষ শেষে ৩৫৸৶০৪½ টাকা পরিষদের ধনাগারে মজুত ছিল।

অবশেষে পরিষদের সভ্য, কষ্টকারক, সহানুভূতিকারক ও অনুগ্রাহকদিগকে যথাযোগ্য ধন্যবাদ ও প্রীতি সম্ভাষণ করিয়া ~~দ্বিতীয়~~ বৎসরের কার্য্য বিবরণ সমাপ্ত করা ~~যাইতেছে~~। শ্রীযুক্ত রাজা বিনয়কৃষ্ণ বাহাদুর আশ্রয়দাতৃরূপে এই সাহিত্য-পরিষদকে রক্ষা করি~~তেছেন~~ ও তাঁহার যত্নে ইহা দিন দিন পরিপুষ্ট হই~~তেছে~~। তাঁহার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করিয়া, নব উৎসাহ ও নব অনুরাগের সহিত পরিষৎ ~~তৃতীয়~~ বৎসরে পদার্পণ ~~করিতে সঙ্কল্প~~ করি~~য়াছেন~~। এক্ষণে ভগবান্ ~~কৃপাকটাক্ষপাত করিলে তাঁহাদের~~ ঐ ~~সঙ্কল্প সিদ্ধ হইতে পারে~~।

শ্রীরাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী

সম্পাদক।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের সন ১৩০২ সালের আয় ব্যয়ের চুম্বক হিসাব।

জমা

বিবরণ	টাকা
১৩০১ সালের ব্যয় বাদে মজুত জের—	৩৬॥৵০
সভ্যগণের নিকট হইতে চাঁদা আদায়—	১০২০॥৵০
নূতন সভ্যগণের নিকট হইতে প্রবেশিকা হিসাবে আদায়—	৮৬৲
গ্রাহকগণের নিকট বঙ্গীয় সাহিত্য-পরিষদ-পত্রিকার মূল্য আদায়—	৫১।০
খরচ ফেরত জমা—	৩৸০
প্রেসিডেন্সী কলেজের লাইব্রেরীতে দেওয়া ডিপজিট আদায়—	১০৲
মোট জমা	১২০৭।০
বাদ খরচ	১১৭২।০৭½
মজুত	৩৫৸৶৪½

মজুতের জায়—

বিবরণ	টাকা
ধনরক্ষকের নিকট মজুত—	৩২৶৪½
জিম্মা শ্রীযুক্ত চন্দ্রনাথ তালুকদার—	৩৸০
মোট	৩৫৸৶৪½

খরচ

বিবরণ	টাকা
বঙ্গীয় সাহিত্য-পরিষদ-পত্রিকা মুদ্রাঙ্কনের ব্যয়, কাগজ এবং বাঁধাইবার খরচ—	৩৭০॥৶৩
পরিষদের বিবিধ অধিবেশনের পত্র এবং বিল প্রভৃতি মুদ্রাঙ্কনের ব্যয়—	৮২॥৶০
ডাক ষ্ট্যাম্প—	৭৭৶৯
কর্ম্মচারিগণের বেতন—	২৮৭৲৬
সংবাদপত্রে বিজ্ঞাপন প্রকাশের মূল্য—	২৪৵০
পুস্তকালয়ের জন্য পুস্তক খরিদ—	৬৫।৵০
পুস্তকালয়ের পুস্তক বাঁধাইবার খরচ—	১১।০
পাণ্ডুলিপি সংগ্রহ সম্বন্ধে—	৩৲
বিশ্ববিদ্যালয়ে বাঙ্গালা প্রচলন সম্বন্ধীয় বিবিধ মুদ্রাঙ্কন ব্যয়—	১৭৭৶৬
অন্যান্য কাগজ খরিদ—	৩৯৸৵৯
বিবিধ—	৩৩॥৶১০½
মোট খরচ	১১৭২½

শ্রীচারুচন্দ্র সরকার
অবৈতনিক ধনরক্ষক।

শ্রীরজনী নাথ রায়
শ্রীশারদারঞ্জন রায়
অবৈতনিক হিসাব পরীক্ষকদ্বয়।

শ্রীরাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
অবৈতনিক সম্পাদক।

বঙ্গীয় সাহিত্য-পরিষদের ১৩০১ সালের বাৎসরিক উৎসবের আয় ব্যয়ের চুম্বক হিসাব।

জমা

বাৎসরিক উৎসবের ব্যয়

নির্ব্বাহার্থ চাঁদা আদায়— ২৮৭৲ টাকা

উদ্বৃত্ত বাতি ও টোটা

বিক্রয়— ২৲

মোট আয় ২৮৯৲ টাকা

ব্যয় খরচ ২৩৭॥৶৬

বাকী মজুত টাকা ৫১।০৬

খরচ

বাৎসরিক উৎসবের ব্যয় টাকা ২৩৭॥৶৬

মোট ব্যয় টাকা ২৩৭॥৶৬

মজুতের আয়—	টা আ পা
ধনরক্ষকের নিকট মজুত	৫১।০ ৬

শ্রীচারুচন্দ্র সরকার
অবৈতনিক ধনরক্ষক।

শ্রীরাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
অবৈতনিক সম্পাদক।

গ্রন্থপ্রকাশ সমিতির সন ১৩০২ সালের আয় ব্যয়ের চুম্বক হিসাব।

জমা		খরচ	
সাহায্যদাতৃগণের নিকট হইতে এককালীন চাঁদা আদায়—	১১০০৲ টাকা	চাঁদাদাতৃগণের নামের তালিকা সংবাদপত্রে বিজ্ঞাপন স্বরূপ প্রকাশের ব্যয়—	টাকা ২৬৷০
মোট জমা—	১১০০৲	চাঁদা আদায় জন্য সম্পাদকের কয়েক স্থানে যাতায়াতের গাড়ী ভাড়া	১৸৶০
বাদ খরচ—	২৮/০	মোট খরচ টাকা	২৮/০
বাকি মজুত—	টাকা ১০৭১৸৶০		

মজুতের জায়—

বেঙ্গল ব্যাঙ্কে ডিপজিট—১০০০৲ টাকা

ধনরক্ষকের নিকট নগদ

মজুত— ৭১৸৶০

মোট ১০৭১৸৶০ টাকা

শ্রীবিনয়কৃষ্ণ দেব
অবৈতনিক ধনরক্ষক।

শ্রীরজনীনাথ রায়
শ্রীশারদারঞ্জন রায়
অবৈতনিক হিসাবপরীক্ষকদ্বয়।

শ্রীরাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
অবৈতনিক সম্পাদক

পরিশিষ্ট।

শ্রদ্ধাস্পদ শ্রীযুক্ত সম্পাদক মহাশয় সমীপেষু।

সবিনয় নিবেদন এই

কৃত্তিবাসী রামায়ণ সম্বন্ধে আমার যে মন্তব্য চাহিয়াছেন, তাহা এই,—

প্রথম বার্ষিক বিবরণীতে বোধ হয় প্রকাশ আছে যে, রামায়ণ-সম্পাদন-কার্য্য, পরিষদের গ্রহণ করা উচিত কি না এবং উক্ত সম্পাদন কার্য্য সাধ্যায়ত্ত কি না, এই বিষয়ে রিপোর্ট করিবার ভার আমার উপর অর্পিত হয়। এবং পরিষদ্, প্রাচীন পুঁথি ও মুদ্রিত পুস্তক সংগ্রহের জন্য সচেষ্ট হয়েন। বর্ত্তমান বর্ষের কোন্ মাসে স্মরণ নাই (মাসিক অধিবেশনের বিবরণ দেখিলে জানা যাইবে) আমি এ বিষয়ে রিপোর্ট করি এবং তদনুসারে একটি সম্পাদন-কমিটি নিযুক্ত হয়। অথবা আমার উপর সম্পাদনের ভার দিয়া আমার সাহায্যার্থ পরিষদ্ একটি কমিটি নিযুক্ত করেন। সে বোধ হয় আজ ৫।৬ মাসের কথা। কমিটি এখনও কার্য্য আরম্ভ করেন নাই। তাহার প্রধান কারণ ৪০০ বৎসরের একখানি প্রাচীন পুঁথি পাইবার লুব্ধ আশ্বাস। উক্ত পুঁথি সংগ্রহের জন্য নানা লোক দ্বারা নানা চেষ্টা করিয়াছি। অবশেষে প্রায় একপক্ষ পূর্ব্বে স্থির বুঝিয়াছি যে, আমাদের আশার বিষয় ঐ পুঁথির বাস্তবিক অস্তিত্ব নাই। ১৫০ বৎসরের একখানি পুঁথি আছে, তাহা অসম্পূর্ণ। ঐ পুঁথি পাইবার সম্ভাবনা। কমিটির কার্য্য আরম্ভ না হইবার ক্ষুদ্র দ্বিতীয় কারণ, সংগৃহীত পুঁথির কালক্রমিক তালিকার অভাব। বর্ত্তমান বর্ষেও পুঁথি ও প্রাচীন মুদ্রিত পুস্তক সংগৃহীত হইতেছিল। তিন মাস পূর্ব্বে সংগৃহীত পুঁথি ও মুদ্রিত পুস্তকের একটি তালিকা প্রস্তুত করিতে আরম্ভ করি। এ কার্য্য পরিষদের বেতনভোগী কর্ম্মচারীর সাহায্যে প্রধানতঃ সাধিত হয়। সম্প্রতি (এক পক্ষ হইল) তালিকা সম্পূর্ণ হইয়াছে এবং কোন্ কাণ্ড কতগুলি সংগৃহীত হইয়াছে, তাহারও একটি ভিন্ন তালিকা প্রস্তুত হইয়াছে। তালিকা দুইটি রিপোর্টে প্রকাশিত হওয়া বাঞ্ছনীয়। যদি আবশ্যক হয়, অস্মদাকে পাঠাইয়া লইয়া যাইবেন। বর্ত্তমান বর্ষে এ সম্বন্ধে আর একটু যাহা কার্য্য হইয়াছে তাহা এই,—কৃত্তিবাসের প্রথম মুদ্রিত পুস্তক শ্রীরামপুরী সংস্করণ।

ইহা এখন দুষ্প্রাপ্য। খুলনা ইস্কুলে এক কাপি আছে। ইস্কুলের অধ্যক্ষেরা উহা আমাকে ২।৩ মাসের জন্য ধার দেন। প্রচলিত সংস্করণের সহিত উক্ত সংস্করণের যে সকল ভেদ লক্ষিত হয়, তাহা নোট করিয়া লওয়া হইয়াছে।

অতএব সম্পাদন-কার্য্যের যে সকল অন্তরায় ছিল, তাহা দূর হইয়াছে। এখন কমিটি, কার্য্য আরম্ভ করিতে পারেন। মূল কৃত্তিবাসে যে সকল অপ্রচলিত শব্দ আছে, তাহার একটি বর্ণানুক্রমিক তালিকা সংকলিত হওয়া বাঞ্ছনীয়। তাহারও উদ্যোগ হইতেছে। ইতি। ১৩০৩ সাল, ১৭ই চৈত্র।

শ্রীহীরেন্দ্রনাথ দত্ত।

সবিনয় নিবেদন,—

প্রস্তাব ছিল যে, সাহিত্য-পরিষদ্ হইতে আমাকে মুদ্রিত এবং হস্তলিখিত বৈষ্ণব পদাবলী সাহায্য দেওয়া হইবে, এবং তাহা অবলম্বন করিয়া আমি বিদ্যাপতির পদ সঙ্কলন করিব। পরিষদ্ হইতে প্রস্তাবমত কার্য্য হয় নাই, সেই জন্য আমি বিদ্যাপতির সঙ্কলন-কার্য্যে হাত দিতে পারি নাই। ইতি। ১৩০২ সাল, ১৯শে চৈত্র।

শ্রীরবীন্দ্রনাথ ঠাকুর।

"সাহিত্য-পরিষদ্"-সম্পাদক মহাশয় সমীপেষু।

মহাকবি মুকুন্দরাম চক্রবর্ত্তী কবিকঙ্কণ-প্রণীত বাঙ্গালা চণ্ডী গ্রন্থখানির বিশুদ্ধ সংস্করণ প্রচারের জন্য "বঙ্গীয় সাহিত্য-পরিষদ্" আমার উপর যে ভারার্পণ করিয়াছেন, তাহার কার্য্য কত দূর অগ্রসর হইয়াছে, জানিবার জন্য আপনি আমাকে জিজ্ঞাসা করিয়াছেন। এতদ্বিষয়ে আমার বক্তব্য পশ্চাৎ নিবদ্ধ হইল।

আমি ৫।৬ খানি পুঁথি ও ৩।৪ খানি মুদ্রিত পুস্তক মিলাইয়া কার্য্য আরম্ভ করিয়াছিলাম। পরে সর্ব্বসমেত ৫ খানি পুঁথি ও মুদ্রিত ২ খানি গ্রন্থ অবলম্বনে ধীরে ধীরে কার্য্য চলিতেছে। এতৎসম্বন্ধে আমার অন্যতম সাহায্যকারী, হুগলী জেলার অন্তর্গত জাঙ্গামোড়ানিবাসী শ্রীযুক্ত অম্বিকাচরণ গুপ্তের যত্ন, বিশেষ উল্লেখ-যোগ্য। শ্রীমান্ ব্যোমকেশ মুস্তফি বাবুও কিছু কিছু কার্য্য করিতেছেন। বাবু চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, বাবু শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য বি. এল প্রভৃতিও কার্য্য করিতে প্রস্তুত আছেন; কেবল আমাদের কোন

কোন অসুবিধা নিমিত্ত অন্যান্য ব্যক্তিকে লইয়া অপেক্ষাকৃত প্রগাঢ় অভিনিবেশ ও গুরুতম শ্রম সহকারে এ বিষয়ে নিয়মিত ভাবে ব্রতী হইতে পারা যাইতেছে না। বিষয়টী সবিশেষ জটিল, সুতরাং গুরুশ্রমসাধ্য; তথাপি শ্রমে কাতরতা আমাদের নাই।

এই স্থলে আমাদের অবলম্বিত কার্য্যের প্রণালীর কতকটা আভাস দিতেছি। কবির জন্মভূমি দামুন্যা (দামিন্যা) স্থিত পুঁথি, কবির উপনিবেশ স্থান আরড়ার পুঁথি, ঐ দামুন্যা ভিন্ন অন্যান্য গ্রামস্থিত কবির বংশীয়দের ভবনরক্ষিত পুঁথি, বটতলার মুদ্রিত বহু প্রাচীন গ্রন্থ, বাবু অক্ষয়চন্দ্র সরকার মহাশয়ের প্রচারিত চণ্ডীগ্রন্থ ইত্যাদিকে অবলম্বন-স্বরূপ গ্রহণ করিয়া ও অন্যান্য প্রসিদ্ধ ও অপ্রসিদ্ধ পুঁথির পাঠান্তর সমুদায় মিলাইয়া কার্য্য হইতেছে। যদি অপর কোন মুদ্রিত পুস্তক বা অমুদ্রিত পুস্তক (পুঁথি) সুপ্রাপ্য হয়, তৎসমুদায়ের সাহায্য লওয়া উচিত। শুনিয়াছি, আমাদের সভায় কোন ভদ্র ব্যক্তি চণ্ডীর একখানি প্রতিলিপি বা মূল পুঁথি প্রদানের অভিলাষী হইয়াছেন। অতএব আপনি তাঁহাকে এক পত্র লিখিয়া সমস্ত ঠিক করিয়া লইলে ভাল হয়।

আমি সুদূর প্রদেশ হইতে চণ্ডীর প্রতিলিপি সংগ্রহ করিতে, ইতিপূর্ব্বে নিজ-ব্যয়ে দুই বার মফঃস্বল যাত্রা করিয়াছিলাম। ফল সম্পূর্ণ না হউক, কতক পাইয়াছি। কার্য্যটী সুচারুরূপে নির্ব্বাহার্থে পুনরায় নানা স্থানে পুঁথি সংগ্রহ করা আবশ্যক হইয়া উঠিয়াছে। তজ্জন্য পাথেয় ও নকলের পারিশ্রমিক হিসাবে কিছু টাকার প্রয়োজন। আমি ইতিপূর্ব্বে যে ব্যয় করিয়াছি, তাহার দাবি দাওয়া করিতেছি না। সভার গোচরার্থে ইহাও এখানে জানাইয়া রাখি, দ্বিতীয়বার যাত্রায় আমি ম্যালেরিয়া জ্বরাক্রান্ত হইয়া অত্যন্ত ভুগিয়াছি ও নানাপ্রকারে ক্ষতিগ্রস্ত হইয়াছি। আমার সেই পীড়ার সংবাদ, কোন কোন সদস্য জ্ঞাত আছেন।

এই উপলক্ষে আমার এক প্রস্তাব আছে "বিশ্বকোষ অভিধান" সঙ্কলয়িতা শ্রীযান্ বাবু নগেন্দ্রনাথ বসুজ ও চারুচন্দ্র ঘোষ এই দুই ভদ্র ব্যক্তিকেও আমাদের কমিটিতে গ্রহণ করা কর্ত্তব্য। ইতি। ১৩০২ সাল, ২১শে চৈত্র।

শ্রীমহেন্দ্রনাথ বিদ্যানিধি।

বরিশাল, ১৩০২ সাল, ২৭শে চৈত্র।

সবিনয় নিবেদন,—

আপনার পত্র পাইলাম। প্রায় ৭ মাস হইল, পরিষদের পূর্ব্বকার সম্পাদক শ্রীযুক্ত দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় মহাশয় এক দিন আমার কলিকাতার বাসায় আসিয়া, পরিষদের হাতে মহাভারতের যে সংশোধিত অংশ ছিল, তাহা আমাকে ফেরত দেন। পুনশ্চ, তাঁহার কথার ভাবে সেই সময় হইতে বুঝিয়াছিলাম যে, পরিষদ্ একরূপ উঠিয়া যাওয়ার মধ্যে। ফলতঃ সেই হইতে এ পর্য্যন্ত পরিষদের ত্রৈমাসিক পত্রিকা বা মাসিক বৈঠকের চিঠি পূর্ব্বমত আর পাইতে না থাকায়, আমার বিশ্বাসও হইয়াছিল যে, পরিষদ্ সত্য সত্যই উঠিয়া গিয়াছে। যাহা হউক, এখন আপনার পত্র পাইয়া জানিলাম যে, না—এখনও পরিষদ্ আছে ও তাহা জীবিত।

যাহা হউক, পূর্ব্বোক্ত কারণে এবং আমি নিজেও দীর্ঘকাল ধরিয়া পীড়িত থাকায়, আর মহাভারতের কার্য্যে হাত দিই নাই। মহাভারতের সংশোধন, আদিপর্ব্ব শেষ হইয়া গিয়াছে। সভাপর্ব্বের গোড়া আরম্ভ করিয়াই সেই খান হইতে এ পর্য্যন্ত ক্ষান্ত দিয়া আছি।

যাহা হউক, আবার যখন পরিষদ্ সজীব এবং আবার যখন মহাভারতের খোঁজ খবর হইতেছে, তখন আমার করণীয় কার্য্য যাহা, তাহাও সম্পন্ন হইতে বাকী থাকিবে না।

আপাততঃ আমার বরিশালে স্থিতি ; কিন্তু মহাভারতের পাণ্ডুলিপি গুলি আমার বাড়ীতে রহিয়াছে। সুতরাং তাহা এই সঙ্গে পাঠাইতে পারিলাম না। আমি জ্যৈষ্ঠ মাসের প্রথমে সম্ভবতঃ বাড়ী যাইব। যাইয়া পাণ্ডুলিপি গুলি পরিষদে পাঠাইয়া দিব।

উক্ত পাণ্ডুলিপিগুলি পাঠাইলে, পরিষদ্, আদিপর্ব্বে যাহা শেষ হইয়া গিয়াছে, তাহা ছাপিতে পারেন। * * * * * *

প্রফুল্লচন্দ্র দেবশর্ম্মা বন্দ্যোপাধ্যায়।

পরিষদের সদস্য।

১। রাজা বিনয়কৃষ্ণ দেব বাহাদুর, কলিকাতা।
২। মাননীয় রমেশচন্দ্র দত্ত সি, এস্; সি, আই, ই, উড়িষ্যা।
৩। শ্রীযুক্ত রজনীকান্ত গুপ্ত, কলিকাতা।
৪। ,, হীরেন্দ্রনাথ দত্ত এম্, এ, বি, এল্, ,,
৫। ,, ক্ষেত্রপাল চক্রবর্ত্তী, ,,
৬। ,, গোপালচন্দ্র মুখোপাধ্যায়, ,,
৭। ডাক্তার সূর্য্যকুমার সর্ব্বাধিকারী, ,,
৮। শ্রীযুক্ত সারদাপ্রসাদ দে, ,,
৯। ,, নরেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি, এ, ,,
১০। ,, নীলরতন মুখোপাধ্যায় বি, এ, কীর্ণাহার, বীরভূম।
১১। ,, মতিলাল হালদার বি, এল্, কলিকাতা।
১২। ,, জগচ্চন্দ্র সেন, কুমিল্লা।
১৩। মাননীয় সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বি, এ, কলিকাতা।
১৪। শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস সি, আই, ই, ,,
১৫। ,, নগেন্দ্রনাথ ঘোষ, বারিষ্টার, (ইণ্ডিয়ান্ নেশন-সম্পাদক), ,,
১৬। পণ্ডিত তারাকুমার কবিরত্ন, ,,
১৭। শ্রীযুক্ত মাধবচন্দ্র চট্টোপাধ্যায়, ,,
১৮। ডাক্তার সুন্দরীমোহন দাস এম, বি, ,,
১৯। শ্রীযুক্ত মনোমোহন বসু, ,,
২০। ,, সাতকড়ি হালদার বি, এল্, রাণাঘাট।
২১। ,, গোঁসাইদাস গুপ্ত, কলিকাতা।
২২। ,, নন্দকৃষ্ণ বসু এম্, এ; সি, এস্, ,,
২৩। ,, দেবকিশোর মুখোপাধ্যায় এম্ এ, ,,
২৪। ,, ক্ষীরোদপ্রসাদ ভট্টাচার্য্য বিদ্যাবিনোদ এম্, এ, ,,
২৫। ,, উমেশচন্দ্র বটব্যাল বিদ্যারত্ন এম্, এ; সি, এস্, বগুড়া।
২৬। ,, চারুচন্দ্র ঘোষ (ভূতপূর্ব্ব বিভা সম্পাদক), কলিকাতা।

২৭। শ্রীযুক্ত আশুতোষ বন্দ্যোপাধ্যায়, বেলডাঙ্গা, মুর্শিদাবাদ।
২৮। " বসন্তরঞ্জন রায়, বেলেতোর, বাঁকুড়া।
২৯। ডাক্তার চন্দ্রশেখর কালী এল, এম্, এস্, কলিকাতা।
৩০। " রাখালচন্দ্র সেন এল, এম্, এস্,
৩১। শ্রীযুক্ত চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায়, "
৩২। " রবীন্দ্রনাথ ঠাকুর, "
৩৩। " নবীনচন্দ্র সেন বি, এ, (বিশিষ্ট), "
৩৪। মাননীয় বিচারপতি গুরুদাস বন্দ্যোপাধ্যায় ডি, এল, "
৩৫। শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্, এ, "
৩৬। " শারদারঞ্জন রায় এম্, এ, "
৩৭। " দীননাথ সেন, স্কুল ইন্‌স্পেক্টর, ঢাকা।
৩৮। " কৃষ্ণকমল ভটাচার্য্য বি, এল, হাবড়া।
৩৯। " অমৃতলাল রায় (হোপ-সম্পাদক), কলিকাতা।
৪০। " রাজনারায়ণ বসু (বিশিষ্ট), দেওঘর।
৪১। " প্রফুল্লচন্দ্র বন্দ্যোপাধ্যায়, বরিশাল।
৪২। " প্রমথনাথ বসু বি, এস্, সি, "
৪৩। সার্ মোনিয়ার উইলিয়ামস্ কে, সি, আই, ই, (বিশিষ্ট), লণ্ডন।
৪৪। রায় যতীন্দ্রনাথ চৌধুরী এম্, এ, বি, এল্, (জমিদার), বরাহনগর।
৪৫। সার্ উইলিয়াম্ হণ্টার কে, সি, এস্, আই, (বিশিষ্ট), লণ্ডন।
৪৬। শ্রীযুক্ত মন্মথনাথ চটোপাধ্যায় বি, এ, কালিকাপুর, কাটোয়া।
৪৭। " রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী এম্, এ, কলিকাতা।
৪৮। " অবিনাশচন্দ্র দাস এম্, এ, বি, এল, আজিমগঞ্জ, মুরশিদাবাদ।
৪৯। " হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি, এল, (বিশিষ্ট), খিদিরপুর।
৫০। " যোগেন্দ্রচন্দ্র ঘোষ, (জমিদার), "
৫১। জন্ বীমস্ কোয়ার, (বিশিষ্ট), লণ্ডন।
৫২। " বীরেশ্বর পাঁড়ে, কলিকাতা।
৫৩। " নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায় বিদ্যারত্ন এম্, এ, বি, এল্, কলিকাতা।
৫৪। " কালীপ্রসন্ন ঘোষ (ভূতপূর্ব্ব বান্ধব সম্পাদক), (বিশিষ্ট), ঢাকা।

৫৫। শ্রীযুক্ত চন্দ্রনাথ বসু এম্, এ, বি, এল, (বিশিষ্ট), কলিকাতা।
৫৬। „ গোবিন্দলাল দত্ত,
৫৭। „ নিত্যকৃষ্ণ বসু এম্, এ,
৫৮। সার্ জর্জ বাডউড্ কে, সি, আই, ই,(বিশিষ্ট), লণ্ডন।
৫৯। শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি (সাহিত্য-সম্পাদক), কলিকাতা।
৬০। „ শরচ্চন্দ্র চৌধুরী বি, এ, (শিক্ষাপরিচয়-সম্পাদক), উত্তরপাড়া।
৬১। „ দ্বিজেন্দ্রনাথ ঠাকুর, (বিশিষ্ট), কলিকাতা।
৬২। „ মথুরানাথ সিংহ বি, এল্, বাঁকীপুর।
৬৩। „ পূর্ণেন্দুনারায়ণ সিংহ এম্, এ, বি, এল্, „
৬৪। „ নবীনচন্দ্র দাস এম্, এ, নদীয়া।
৬৫। „ যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ এম্, এ, (ভূতপূর্ব্ব আর্য্যদর্শন-সম্পাদক), কৃষ্ণনগর।
৬৬। শ্রীশচন্দ্র মজুমদার, চাইবাসা।
৬৭। „ ললিতচন্দ্র মিত্র এম্, এ, কলিকাতা।
৬৮। শিবাপ্রসন্ন ভট্টাচার্য্য বি, এল্,
৬৯। „ হরিমোহন বন্দ্যোপাধ্যায়,
৭০। „ বিপিনবিহারী গুপ্ত এম্, এ,
৭১। „ বরদাকান্ত সেনগুপ্ত,
৭২। নরেন্দ্রনাথ মিত্র এম্, এ,
৭৩। চণ্ডীচরণ সেন মুন্সেফ, আলিপুর।
৭৪। ভুবনকৃষ্ণ মিত্র, কলিকাতা।
৭৫। দীননাথ গঙ্গোপাধ্যায়, কালিনহর।
৭৬। রাধানাথ মিত্র, কলিকাতা।
৭৭। ননীমোহন বন্দ্যোপাধ্যায় এম্, এ, „
৭৮। রজনীনাথ রায় এম্, এ, (ডেঃ কণ্ট্রোলার), ভবানীপুর।
৭৯। নগেন্দ্রনাথ গুপ্ত, (ট্রিবিউন সম্পাদক), লাহোর।
৮০। „ চন্দ্রনারায়ণ সিংহ এম্, এ, ভাগলপুর।
৮১। রাজা শিবচন্দ্র বন্দ্যোপাধ্যায় রায় বাহাদুর, কলিকাতা।

৮২। শ্রীযুক্ত অতুলচন্দ্র চট্টোপাধ্যায়, — বর্দ্ধমান।
৮৩। „ রামলাল মুখোপাধ্যায় বি, এল্, — „
৮৪। „ প্রমদানাথ মুখোপাধ্যায় বি, এল্, — „
৮৫। „ বঙ্কুবিহারী সিংহ বি, এ, — কাটোয়া।
৮৬। „ শ্যামা-ধব রায়, — কলিকাতা।
৮৭। „ অক্ষয়কুমার সেন, — ঢাকা।
৮৮। „ দুর্গাদাস লাহিড়ী, — কলিকাতা।
৮৯। „ নীলমণি মুখোপাধ্যায় ন্যায়ালঙ্কার এম্, এ, বি, এল্, — „
৯০। „ অপূর্ব্বচন্দ্র দত্ত বি, এস্, সি, — জব্বলপুর।
৯১। „ নন্দলাল বাগ্‌চি বি, এ, — তমোলুক।
৯২। „ রমেশচন্দ্র দাস বি, এ, — ভদ্রক।
৯৩। „ কুমুদবন্ধু দাস গুপ্ত বি, এ, — ময়মনসিংহ।
৯৪। „ বিপিনবিহারী দাসগুপ্ত বি, এল্, — বরিশাল।
৯৫। „ অবিনাশচন্দ্র মিত্র বি, এল্, — সিউড়ি।
৯৬। „ গিরীন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, — বীরভূম।
৯৭। „ নৃত্যগোপাল মুখোপাধ্যায় এম্, এ, — বহরমপুর।
৯৮। „ লোকেন্দ্রনাথ পালিত সি, এস্, — বরিশাল।
৯৯। „ চিত্তরঞ্জন দাস, ব্যারিষ্টার, — কলিকাতা।
১০০। „ আশুতোষ চৌধুরী এম্, এ, এল্, এল্, বি, (ব্যারিষ্টার), — „
১০১। কবিরাজ নবীনচন্দ্র সেন, — „
১০২। শ্রীযুক্ত শ্যামাকুমুদ মুখোপাধ্যায়, — রাজসাহী।
১০৩। „ পাঁচকড়ি বন্দ্যোপাধ্যায়, — কলিকাতা।
১০৪। „ শশধর রায় এম্, এ, বি, এল্, — রাজসাহী।
১০৫। „ শরচ্চন্দ্র রায় বি, এল্, — „
১০৬। „ ব্রজেন্দ্রনাথ দে এম্, এ ; সি, এস্, — বালেশ্বর।
১০৭। „ বিহারিলাল গুপ্ত সি, এস্, — বাখরগঞ্জ।
১০৮। „ দীনেশচন্দ্র সেন বি, এ, — কুমিল্লা।
১০৯। সার্ রমেশচন্দ্র মিত্র, নাইট্ — ভবানীপুর।

১১০। মাননীয় বিচারপতি চন্দ্রমাধব ঘোষ,		কলিকাতা।
১১১। শ্রীযুক্ত জ্ঞানেন্দ্রনাথ গুপ্ত এম্, এ; সি, এস,		খুরদা।
১১২।	„ বরদাচরণ মিত্র এম্, এ; সি, এস্,	ফরিদপুর।
১১৩। পণ্ডিত মহেন্দ্রনাথ বিদ্যানিধি, (অনুশীলন-পুরোহিত-সম্পাদক),		কলিকাতা।
১১৪। শ্রীযুক্ত দাশরথি ঘোষ এম্, এ, বি, এল্,		হুগলি।
১১৫।	„ নরেন্দ্রনাথ মিত্র বি, এল্,	কলিকাতা।
১১৬।	„ কুঞ্জবিহারী বসু বি, এ,	„
১১৭।	„ ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়,	খিদিরপুর।
১১৮।	„ মুনীন্দ্রনাথ ভট্টাচার্য্য এম্, এ, বি, এল্,	কলিকাতা।
১১৯।	„ রঘুনাথ চট্টোপাধ্যায়,	„
১২০।	„ প্রথমনাথ চট্টোপাধ্যায় এম্, এ,	বাকুড়া।
১২১।	„ হেমেন্দ্রনাথ সিংহ বি, এ,	কলিকাতা।
১২২।	„ কালীপ্রসন্ন চক্রবর্ত্তী,	ময়মনসিংহ।
১২৩। কবিরাজ লক্ষ্মীনারায়ণ রায়,		কলিকাতা।
১২৪। ডাক্তার অমূল্যচরণ বসু এম্, বি,		„
১২৫। শ্রীযুক্ত শিবনারায়ণ মুখোপাধ্যায়, (জমিদার),		উত্তরপাড়া।
১২৬।	„ হেমাঙ্গচন্দ্র বসু বি, এল্,	বাকিপুর।
১২৭।	„ কুঞ্জলাল রায়,	কলিকাতা।
১২৮।	„ মন্মথনাথ দত্ত এম্, এ,	„
১২৯।	„ মতিলাল মল্লিক বি, এ,	মেদিনীপুর।
১৩০।	„ মহেন্দ্রচন্দ্র মজুমদার বি, এ,	রঙ্গপুর।
১৩১।	„ অঘোরনাথ ঘোষ বি, এল,	বাকুড়া।
১৩২।	„ তারাচন্দ্র সেন,	„
১৩৩।	„ নয়নাঞ্জন ভট্টাচার্য্য এম্, এ,	„
১৩৪।	„ কুলদাপ্রসাদ মুখোপাধ্যায়,	„
১৩৫। ডাক্তার উমেশচন্দ্র মুখোপাধ্যায়, সিবিল সার্জ্জন,		„
১৩৬। কুমার রামেশ্বর মালিয়া, (জমিদার),		সিয়ারশোল।

১৩৭। শ্রীযুক্ত রাজকৃষ্ণ রায় চৌধুরী, হাবড়া।
১৩৮। „ যোগীন্দ্রনারায়ণ রায়, কলিকাতা।
১৩৯। „ গোবিন্দচন্দ্র দাস এম্, এ, বি, এল্, „
১৪০। „ সারদাচরণ মিত্র এম্, এ, বি, এল্, „
১৪১। „ যোগীন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী এম্, এ, দিনাজপুর।
১৪২। „ অশ্বিনীকুমার দাস বি, এ, কুমিল্লা।
১৪৩। „ মাখনলাল সিংহ, হাবড়া।
১৪৪। „ রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায় এম্, এ, বি, এল্, কলিকাতা।
১৪৫। „ ভবেন্দ্রনাথ দে বি, এল্, „
১৪৬। „ অমৃতকৃষ্ণ মল্লিক বি, এল্, „
১৪৭। „ মন্মথচন্দ্র মল্লিক, „
১৪৮। „ হেমচন্দ্র মল্লিক, „
১৪৯। „ প্রিয়নাথ মুখোপাধ্যায়, „
১৫০। „ গঙ্গেশ্বর বন্দোপাধ্যায় (চারুবার্ত্তার ভূতপূর্ব্ব সম্পাদক), „
১৫১। „ যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, „
১৫২। রায় রোহিণীকুমার সেনগুপ্ত, কীর্ত্তিপাশা, বরিশাল।
১৫৩। শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর সি, এস্, সেতারা।
১৫৪। „ জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর, কলিকাতা।
১৫৫। „ ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর বি, এ, „
১৫৬। „ বলেন্দ্রনাথ ঠাকুর, „
১৫৭। „ গগনেন্দ্রনাথ ঠাকুর, „
১৫৮। রাজা সার্ সৌরীন্দ্রমোহন ঠাকুর, নাইট. সি. আই. ই, „
১৫৯। শ্রীযুক্ত রজনীকান্ত চক্রবর্ত্তী, মালদহ।
১৬০। „ গোপালচন্দ্র মিত্র এল্, এম, এস্, হাবড়া।
১৬১। „ মন্মথনাথ ভট্টাচার্য্য বিদ্যারত্ন এম, এ, কলিকাতা।
১৬২। „ অমৃতলাল মিত্র, টাকী।
১৬৩। „ ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী এম্, এ, ছাপরা।
১৬৪। „ বরদাচরণ চক্রবর্ত্তী, বহর, ঢাকা।

১৬৫।	শ্রীযুক্ত কেদারনাথ বসু বি, এ,	কলিকাতা।
১৬৬।	„ কুমুদিনীকান্ত বন্দ্যোপাধ্যায় এম্, এ,	রাজসাহী।
১৬৭।	রাজা রাজরাজেশ্বরীপ্রসাদ সিংহ বাহাদুর,	সুরাজপুর, আরা।
১৬৮।	শ্রীযুক্ত হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় এম্, এ, বি, এল্,	কলিকাতা।
১৬৯।	রাও বাহাদুর কাশীনাথ বালকৃষ্ণ মরাঠে,	সেতারা।
১৭০।	শ্রীযুক্ত হৃদয়রঞ্জন খাঁ এম্, এ,	হাবড়া।
১৭১।	„ মন্মথনাথ মুস্তফি বি, এ,	কলিকাতা।
১৭২।	„ মতিলাল দত্ত,	„
১৭৩।	কবিরাজ দ্বিজেন্দ্রচরণ গুপ্ত কবিভূষণ,	„
১৭৪।	শ্রীযুক্ত প্রতুলচন্দ্র বসু,	„
১৭৫।	„ হরিসাধন মুখোপাধ্যায়,	„
১৭৬।	„ শরচ্চন্দ্র সরকার,	„
১৭৭।	„ শান্তশীল বন্দ্যোপাধ্যায় বি, এ,	„
১৭৮।	„ প্রমথনাথ চট্টোপাধ্যায় এম্, এ, বি, এল্,	আমুলিয়া।
১৭৯।	পণ্ডিত অনন্তবাপু যোশী শাস্ত্রী,	ধারোয়ার।
১৮০।	শ্রীযুক্ত গোপালকৃষ্ণ ঘোষ বি, এল্,	ভুবরাজপুর।
১৮১।	রায় নৃসিংহচন্দ্র দত্ত বাহাদুর,	হাবড়া।
১৮২।	কুমার প্রমথনাথ মালিয়া,	সিয়ারসোল।
১৮৩।	শ্রীযুক্ত রামদাস মৈত্র,	হাবড়া।
১৮৪।	„ ব্রজেন্দ্রনাথ শীল এম্, এ,	কুচবিহার।
১৮৫।	„ অবিনাশচন্দ্র বসু এম্, এ,	বর্দ্ধমান।
১৮৬।	„ লালগোপাল চক্রবর্ত্তী এম্, এ,	কলিকাতা।
১৮৭।	„ কালিদাস মল্লিক এম্, এ,	বর্দ্ধমান।
১৮৮।	„ প্যারীলাল হালদার এম্, এ, বি, এল্,	কলিকাতা।
১৮৯।	„ উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়,	হাবড়া।
১৯০।	„ সুরেশচন্দ্র সেন এম্, এ,	হুগলী।
১৯১।	„ আনন্দচন্দ্র মিত্র,	কলিকাতা।
১৯২।	„ আশুতোষ মুখোপাধ্যায় ডি, এল্, এম্, আর, সি, ই,	ভবানীপুর।

১৯৩। শ্রীযুক্ত প্রিয়নাথ ঘোষ এম্, এ, কুচবিহার।
১৯৪। „ নরেন্দ্রনাথ সেন, (ইণ্ডিয়ান্ মিরার সম্পাদক), কলিকাতা।
১৯৫। „ যোগেশচন্দ্র রায় এম্, এ, কটক।
১৯৬। „ শ্যামাচরণ মিত্র, কলিকাতা।
১৯৭। „ যোগেনচন্দ্র দত্ত এম্, এ, বি, এল, „
১৯৮। „ কালীপ্রসন্ন মুখোপাধ্যায় রায় সাহেব, হুগলী।
১৯৯। „ বিজয়কেশব মিত্র বি, এল্, কলিকাতা।
২০০। „ নগেন্দ্রনাথ ঘোষ, (ভূতপূর্ব্ব বঙ্গমহিলা-সম্পাদক), ভবানীপুর।
২০১। „ রামেশ্বর মণ্ডল বি, এল্, কলিকাতা।
২০২। „ ইন্দ্রনারায়ণ ঘোষ বি, এল্, ভাগলপুর।
২০৩। কুমার দক্ষিণেশ্বর মালিয়া, হাবড়া।
২০৪। শ্রীযুক্ত মনোরঞ্জন গুহ, কলিকাতা।
২০৫। পণ্ডিত যাদবকিশোর গোস্বামী বিদ্যারত্ন, „
২০৬। শ্রীযুক্ত শরচ্চন্দ্র দে বি, এল্, „
২০৭। „ দেবপ্রসাদ সর্ব্বাধিকারী এম্, এ, বি, এল, „
২০৮। „ সুরেন্দ্রকুমার রায়, জমিদার (নড়াইল), কাশীপুর।
২০৯। „ কৃষ্ণধন মুখোপাধ্যায়, কলিকাতা।
২১০। „ অম্বিকাচরণ গুপ্ত, ডাঙ্গামোড়া, হুগলী।
২১১। „ ব্যোমকেশ মুস্তফি, কলিকাতা।
২১২। „ হরিমোহন সেন বি, এ, „
২১৩। „ যশোদানন্দন প্রামাণিক এম্, এ, বি, এল্, „
২১৪। ডাক্তার প্রতাপচন্দ্র মজুমদার এম্, ডি, „
২১৫। কবিরাজ মনোমোহন সেনগুপ্ত কবিরত্ন, „
২১৬। শ্রীযুক্ত ত্রিগুণাচরণ সেন এম্, এ, „
২১৭। „ কিশোরীমোহন সেনগুপ্ত এম্, এ, হুগলী।
২১৮। „ রমানাথ ঘোষ, (জমিদার), পাথুরিয়াঘাটা, কলিকাতা।
২১৯। কুমার মন্মথনাথ মিত্র, (জমিদার), কলিকাতা।
২২০। শ্রীযুক্ত সুরেশচন্দ্র বিশ্বাস, (ব্যারিষ্টার), কলিকাতা।

২২১।	শ্রীযুক্ত পদ্মনাথ ভট্টাচার্য্য,	শিলঙ্।
২২২।	„ পরেশচন্দ্র সোম,	কলিকাতা।
২২৩।	„ নগেন্দ্রনাথ বসু (বিশ্বকোষ-সঙ্কলয়িতা),	„
২২৪।	„ রাসেশ্বর ভট্টাচার্য্য,	„
২২৫।	„ শ্রীশচন্দ্র ঘোষ বি, এল্,	উলুবেড়িয়া।
২২৬।	„ নন্দলাল গোস্বামী,	শ্রীরামপুর।
২২৭।	„ হরিশ্চন্দ্র নিয়োগী,	কলিকাতা।
২২৮।	„ জ্ঞানেন্দ্রনাথ চৌধুরী,	ত্রিপুরা।
২২৯।	„ চারুচন্দ্র সরকার এম্, এ, বি, এল্,	কলিকাতা।
২৩০।	„ যদুগোপাল চট্টোপাধ্যায়,	
২৩১।	„ হেমচন্দ্র সরকার এম্, এ,	নড়াইল।
২৩২।	„ ললিতকৃষ্ণ বসু (সমর্থকোষ-সঙ্কলিতা),	কলিকাতা।
২৩৩।	„ কালীপদ বসু,	মিরাট।
২৩৪।	„ শ্রীকৃষ্ণদাস (ভূতপূর্ব্ব জ্ঞানাঙ্কুর-সম্পাদক),	কলিকাতা।
২৩৫।	„ মনোমোহন বিশ্বাস,	„
২৩৬।	কুমার বসন্তকুমার রায় বাহাদুর,	„
২৩৭।	শ্রীযুক্ত কানাইলাল দে,	„
২৩৮।	„ কালীপ্রসন্ন চট্টরাজ এম্, এ,	„
২৩৯।	„ বনীন্দ্রনাথ সিংহ দেব,	ইন্দাস, বাঁকুড়া।
২৪০।	„ মধুসূদন রাও,	কটক।
২৪১।	„ আর্ত্তত্রাণ মিশ্র,	